



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/26/2021

গভর্নর ক্যাথি হোকল

## ফেডারেল ভাড়া ত্রাণে বাড়তি তহবিলের সুযোগ সম্পর্কে গভর্নর হোকলের বিবৃতি

"প্রথম দিনে, আমি কথা দিয়েছিলাম যে আমি ফেডারেল ভাড়া ত্রাণের ব্যবস্থা করে নিউ ইয়র্কবাসীদের হাতে পৌঁছে দেব। এরপর থেকে, আমরা আমলাতান্ত্রিক জট ছাড়িয়েছি এবং মহামারী ত্রাণ বিতরণের পরিমাণ চার গুণ করেছি। নিউ ইয়র্কবাসীদের হাতে 913 মিলিয়ন মার্কিন ডলার পৌঁছে দেওয়ার পর, আমরা এখন ভাড়া সহায়তা বিতরণে দেশের নেতৃস্থানীয় অবস্থায় আছি এবং অর্থ পাওয়ার দিক থেকে দেশে প্রথম অবস্থানে রয়েছি। কিন্তু 250,000 এর বেশি আবেদন জমা পড়ার কারণে, এটি স্পষ্ট যে নিউ ইয়র্কের ভাড়াটিয়া এবং বাড়ির মালিকরা এখনো মহামারীর বিধ্বংসী অর্থনৈতিক প্রভাব এখনো মোকাবেলা করছে।

আজকে, যেসব স্টেটের অতিরিক্ত ভাড়া ত্রাণের প্রয়োজন তাদের জন্য মার্কিন ট্রেজারি অধিদপ্তর (U.S. Department of the Treasury) জরুরি ভাড়া সহায়তা প্রোগ্রামের মাধ্যমে আবেদন গ্রহণ করবে, এবং নিউ ইয়র্ক স্টেট যত দ্রুত সম্ভব আবেদন জমা দিতে। আমি প্রেসিডেন্ট বাইডেন এবং মার্কিন ট্রেজারি অধিদপ্তরকে এই সুযোগের জন্য ধন্যবাদ জানাই এবং নিউ ইয়র্কবাসীদের জন্য এই গুরুত্বপূর্ণ তহবিল নিশ্চিত করার জন্য নিয়োজিত থাকবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov-এ](http://www.governor.ny.gov-এ)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)